দেশের কৃষিক্ষেত্রকে চাঙ্গা করতে এবং পুষ্টিকর খাদ্য উৎপাদনে সরকারকে পরামর্শ বণিকসভার

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : ভারতের কৃষিক্ষেত্রকে চাঙ্গা করতে এবং খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্পকে আরও উন্নত করতে বণিক সভা অ্যাসোচেমের তরফ থেকে বেশ কিছু পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে কেন্দ্রকে। অ্যাসোচেম-ইওয়াইয়ের পেশ করা একটি যৌথ রিপোর্টে সরকারকে মূল যে পরামর্শ দেওয়া হয়েছে তার মধ্যে অন্যতম হল দেশের কৃষি তথা পুষ্টি ক্ষেত্রে পিপিপি মডেল অনুসরণ করা এবং খাদ্য উৎপাদনের ক্ষেত্রে নয়া পন্থার হাত ধরা।

পাশাপাশি এই রিপোর্টে উল্লেখ করা হয়েছে দেশের সাধারণ মানুষের মধ্যে পুষ্টিকর খাদ্য গ্রহণের প্রবণতা বাড়ছে। তাই পুষ্টিকর খাদ্য উপভোক্তাদের কাছে পৌঁছে দিতে সরকারের উচিত বিভিন্ন খাদ্য প্রক্রিয়াকরণ সংস্থার সঙ্গে হাত মিলিয়ে এই বিষয়ে সঠিক পদক্ষেপ নেওয়া। রিপোর্টে পরামর্শ দেওয়া হয়েছে যাতে দেশের জনগণ কম দামে পুষ্টিকর খাদ্য পান সে বিষয়ে সরকারের উপযুক্ত পদক্ষেপ নেওয়া উচিত বলে।

পাশাপাশি খাদ্য পণ্যের চাহিদা এবং উৎপাদনের মধ্যে যাতে সামঞ্জস্য থাকে সেজন্য কৃষিজমি, খাদ্য উৎপাদন, খাদ্য সরবরাহের ব্যবস্থাকে উন্নত করা এবং এই সকল কাজে স্থানীয় মানুষকে সঙ্গে নেওয়ার মতো বেশ কিছু পরামর্শ এই রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

অন্যদিকে রিপোর্টে এটাও জানানো হয়েছে সঠিক এবং পরিমিত ও পুষ্টিকর গ্রহণের উপযোগিতা সম্পর্কে দেশের বিভিন্ন প্রান্তে জনগোষ্ঠীকে বোঝানো অত্যন্ত জরুরি। এবং এই ক্ষেত্রে মহিলাদের সর্বাগ্রে সচেতন করা প্রয়োজন। একই সঙ্গে দেশের মধ্যে অপুষ্টিজনিত যে সমস্যা রয়েছে তাকে যথাযথ গুরুত্ব দিয়ে বিচার করা এবং অপুষ্টি দূর করতে অবিলম্বে উপযুক্ত পদক্ষেপ গ্রহণেরও পরামর্শ এই রিপোর্টে রয়েছে। এই রিপোর্ট অনুযায়ী গোটা বিশ্বে যত শতাংশ শিশু অপুষ্টিজনিত সমস্যায় ভোগে তার ৫০ শতাংশ ভারতের।

২০১৭'র শেষ দিনে কলকাতার ধর্মতলার চত্বরে বিক্রি হচ্ছে নতুন বছরের ডায়েরি ও ক্যালেন্ডার। ছবি : অরিজিৎ গাঙ্গুলি

কেন্দ্রের নির্দেশ উপেক্ষা করে এখনও অনলাইনে বিক্রি অধিকাংশ পণ্যে উল্লেখ নেই এমআরপি'র

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : কেন্দ্রীয় সরকারের নির্দেশ মেনে অনলাইন ই-কমার্স সাইটগুলিতে ব্যবসা করা অধিকাংশ বিক্রেতা এখনও পর্যন্ত তাদের পণ্যে এমআরপি দাম লেখেননি। সম্প্রতি এমন একটি তথ্য উঠে এসেছে।

উল্লেখ্য কেন্দ্রীয় সরকারের ক্রেতা উপভোক্তা বিষয়ক দফতরের তরফে ই-কমার্স সাইটগুলিতে ব্যবসা করা ব্যবসায়ীদের উদ্দেশে কিছুদিন আগে নয়া নির্দেশিকা জারি করা হয়েছিল। সেই নির্দেশিকায় বলা হয়েছিল ২০১৮'র ১ জানুয়ারি থেকে সমস্ত অনলাইন রিটেল দ্রব্যে এমআরপি লেখা বাধ্যতামূলক।

কিন্তু এখনও পর্যন্ত যে তথ্য পাওয়া যাচ্ছে তাতে মাত্র ১০ থেকে ১২ শতাংশ দ্রব্যেই এই এমআরপি দেখতে পাচ্ছে ক্রেতারা। বাকি প্রায় ৮০ শতাংশ পণ্যে এখনও পর্যন্ত কেন্দ্রের নির্দেশ মেনে সেই দাম দেখা যাচ্ছে না। এখন দেখার বিষয় কেন্দ্রের নিয়ম মেনে কত দ্রুত অনলাইন ই-কমার্স সাইটগুলিতে ব্যবসা করা উদ্যোক্তারা নিজেদের পণ্যের এমআরপি উল্লেখ করেন।

ফেব্রুয়ারিতে ভারতে বসছে ডব্লুটিও'র মন্ত্রিগোষ্ঠীর বৈঠক

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : আগামী ফেব্রুয়ারিতে ভারতে বসতে পারে বিশ্ব বাণিজ্য সংস্থা বা ডব্লুটিও'র মন্ত্রিগোষ্ঠী পর্যায়ের একটি সম্মেলন। বৈঠকে অংশ নিতে পারেন বিশ্বের উন্নত এবং উন্নয়নশীল প্রায় ৪০টি দেশের প্রতিনিধিরা। এই সম্মেলন প্রসঙ্গে রেল মন্ত্রী সুরেশ প্রভু জানিয়েছেন, ডব্লুটিও যেহেতু একটি বহু পাক্ষিক মঞ্চ তাই এই মঞ্চ ব্যবহার করে বিশ্ব বাণিজ্য বিষয়ে বিভিন্ন দেশের মধ্যে পারস্পরিক যোগাযোগ ও সমঝোতা গড়ে তোলা সম্ভব। ভারত চাইছে এই সম্মেলনের মাধ্যমে এই মঞ্চ ব্যবহার করে বহুপাক্ষিক ব্যবসায়িক সম্পর্কগুলিকে আরও জোরদার ও পুনরুজ্জীবিত করতে। পাশাপাশি কৃষি বিষয়ে নিজেদের অবস্থান আরও জোরালো ভাবে বিশ্ব মঞ্চে তুলে ধরতে।

WORLD TRADE ORGANIZATION

টেলিকম শিল্পে বাজার বাড়ছে কথা বলার উন্নত প্রযুক্তির

স্টাফ রিপোর্টার : কথা বলার গণ্ডি ছাড়িয়ে মোবাইল ফোনে হু হু করে বেড়েছে দ্রুতগতির ইন্টারনেট পরিষেবার চাহিদা। এসেছে উন্নত মানের এলটিই (লং টার্ম ইভোলিউশন) প্রযুক্তি। এবার সেই প্রযুক্তিতে আরও উন্নত ও দ্রুতগতির কথা বলার পরিষেবার (ভয়েস ওভার এলটিই বা ভিওএলটিই) বাজারও উন্নত দুনিয়ার মতো বাড়ছে ভারতেও।

৮০'র দশকে প্রথম প্রজন্মের মোবাইল ফোনে শুধুই কথা বলা যেত। দ্বিতীয় প্রজন্ম বা ২জি পরিষেবায় তার সঙ্গে ধীরগতির নেট পরিষেবা মিলল। কথার সীমা ছাড়িয়ে মোবাইলে নেটের চাহিদা বৃদ্ধি আনে ৩জি পরিষেবা। এ দু'টির মূল প্রযুক্তি একই হলেও গতি বেশি ৩জির। এরপরে এসেছে ৪জি প্রযুক্তি। কিন্তু এলটিই প্রযুক্তির ৪জিতে নেটের গতি ৩জির চেয়েও বহু গুণ বেশি।

সমীক্ষা বলছে, পাঁচ বছরে ভারতে 'ডেটা'-র ব্যবহার বাড়বে পাঁচ গুণ। যে কারণে, টেলিকম শিল্পের এক কর্তার কথায়, ''সারা বিশ্বে টেলি শিল্প ঝুঁকছে ডেটা ভিত্তিক প্রযুক্তির দিকে।'' এই পরিপ্রেক্ষিতেই রিলায়েন্স-জিও, এয়ারটেলের পরে নতুন বছর থেকে কলকাতা সহ কিছু জায়গায় ভিওএলটিই চালু করবে ভোডাফোন ইন্ডিয়া। এই ব্যবস্থায় ফোন করলে সংযোগ দ্রুত হয়। পরিষেবাও হয় সস্তা, দাবি শিল্প মহলের। উন্নত মানের ভিডিও কলও করতে পারেন গ্রাহক। উল্লেখ্য, ২০১৪ সালে প্রথম সিঙ্গাপুরের পরে অনেক দেশেই ভিওএলটিই চালু করেছে বিভিন্ন বহুজাতিক সংস্থা। ভোডাফোন ইন্ডিয়ার এমডি ও সিইও সুনীল সুদের দাবি, ''নতুন প্রযুক্তিকে সঙ্গে নিয়ে ভবিষ্যতের জন্য তৈরি থাকতে চাই আমরা।'' তবে ৩জি'র মতোই ভিএলটিই পরিষেবায় এখনও সমস্যা, উপযুক্ত মোবাইল ফোনের (হ্যান্ডসেট) জোগান। যেটা না থাকলে কোনও সংস্থা এই পরিষেবা দিলেও গ্রাহক কাউকে ফোন করার পরে সেই কলটি ২জি অথবা ৩জিতে রূপান্তরিত হয়ে যাবে।

বিদেশ ভ্রমণে আগ্রহ বাড়ছে আম বাঙালির,সমীক্ষায় প্রকাশ

স্টাফ রিপোর্টার : শুধু মাত্র রাজ্যের বিভিন্ন পর্যটন কেন্দ্র বা দেশের অন্যান্য প্রান্ত নয়, বিদেশ ভ্রমণেও ক্রমে আগ্রহ বাড়ছে পশ্চিমবঙ্গবাসীর।

বিদেশি ডেস্টিনেশনের ক্ষেত্রে বঙ্গবাসীর পছন্দের তালিকায় ইউরোপ, এশিয়ার পাশাপাশি শীর্ষে রয়েছে অস্ট্রেলিয়াও।

সম্প্রতি অনলাইন সাইট বুকিং ডট কমের করা এক সমীক্ষা থেকে উঠে এসেছে এই তথ্য। দেশের প্রায় ৪০০০ মানুষের সঙ্গে কথা বলে এই সমীক্ষা রিপোর্টটি তৈরি করেছে সংস্থাটি।

সমীক্ষায় প্রকাশ, পরিবার এবং বন্ধুবান্ধবদের সঙ্গেই বেশি ঘুরতে পছন্দ করেন আম বাঙালিরা। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেসব জায়গায় কোনও সিনেমা বা টিভি সিরিয়ালের শ্যুটিং হয় সেরকম কয়েকটি জায়গাতেও ঘুরতে যেতে উৎসাহী বাঙালিরা।

গয়না রফতানিতে ভাটা, চিন্তায় শিল্প



স্টাফ রিপোর্টার : চলতি আর্থিক বছরে সোনার গয়না রফতানি উল্লেখযোগ্যভাবে কমবে বলে আশঙ্কা করছেন গয়না রফতানিকারীরা।শুধু পশ্চিমবঙ্গ থেকেই গত ৬ মাসে ৯০০ কোটি টাকার সোনার গয়না কম রফতানি হয়েছে। এর জন্য তড়িঘড়ি জিএসটি চালু করাকেই দায়ী করেছেন তারা।

রফতানিকারীদের অভিযোগ, ভ্যাট আমলের তুলনায় জিএসটি জমানায় সোনার গয়না রফতানিকারীরা নানাভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। ভ্যাটে তারা যেসব সুবিধা পেতেন, তার অনেকগুলিই এখন তুলে নেওয়া হয়েছে।

পাশাপাশি, জিএসটি চালুর সময়ে যে সব প্রতিশ্রুতি কেন্দ্র তাদের দিয়েছিল, তার কোনওটিই রাখা হয়নি।

যার মধ্যে জিএসটি রিফান্ড সময়ে ফেরত না দেওয়ার দিকেই আঙুল তুলেছেন তারা। ওই রিফান্ডের টাকা গত ৬ মাস ধরে কার্যত ফেরত না পাওয়ায় টান পড়েছে রফতানিকারীদের কার্যকরী মূলধনে।

ফলে তারা উৎপাদন কমাতে বাধ্য হয়েছেন। কমছে রফতানিও।

আর্থিক সংস্থার নজির

স্টাফ রিপোর্টার : আন্তর্জাতিক আর্থিক সংস্থা 'মায়েরস্ক' ভারতের মাটিতে ব্যবসা শুরুর পর সম্প্রতি ১০০ উপভোক্তা পাওয়ার লক্ষ্যমাত্রা অর্জনে সফল হয়েছে। বিভিন্ন বিষয়ে আর্থিক পরামর্শ দেওয়া এই সংস্থাটি ২০১৬য়ে ভারতের মাটিতে ব্যবসা শুরু করে। ভারতের পাশাপাশি সিঙ্গাপুর, নেদারল্যান্ড, স্পেন, মার্কিন যুক্তরাষ্ট্র, ইউএই'তেও ব্যবসা করে এই সংস্থাটি।

KOLKATA MUNICIPAL CORPORATION - TENDER

Name of the department : **Water Supply (GRWW).** Tender invited & to be received by : **Ex. Engr. (WS)/GRWW.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Construction of shade on 1200 mm 450 mm and 300 mm dia valve with other allied works opposite of CW PH-II at GRWW clear water complex ₹ 4,82,267.75; (2) Supply, delivery and fitting fixing of 450mm diameter sluice valve with counter flange and tail piece assembly for GRWW system network, ₹ 2,91,101.91; (3) Manufacture, delivery and fitting fixing of 1000 mm. dia M.S. puddle flange at the interconnection mouth of 1000 mm. dia pipe of SUGRS within GRWW, ₹ 2,00,713.51; (4) Extension of existing M.S. fabricated shed in front of M.R. room within GRWW clear water complex, ₹ 1,85,994.46; (5) Part modification of M.S. & G.R.P. connection chamber of 1800 mm. dia raw water transmission main at Taratala Road, ₹ 4,48,961.73; 13.01.2018 at 12.00 Noon/1.00 PM. (For Sl. No. 1 to 5).** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Water Supply.** Tender invited & to be received by : **Ex. Engr. (GRWW, WTP-II), KMC.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Installation of structural lock gate arrangement at raw water channel for clarifier no. 1 & 3 and rising of sluge connecting chamber and fixing of chlorine dosing line with ancillary works at WTP-II, GRWW; ₹ 2,95,628; 17.01.2018 at 11.30 AM/12.00 Noon.** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Water Supply.** Tender invited & to be received by : **Ex. Engr. (O & M)-III, GRWW.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Construction of parapet wall with roof treatment and allied works of panel room TP-1, GRWW; ₹ 2,79,710; (2) Incorporation of diversion arrangement for removing sludge from north side upper launder channel to sludge carrying drain and with allied works at TP-1, GRWW; ₹ 2,76,958; (3) Construction of barrier wall on upper launder channel against inlet valve of filter bed no.-15, under TP-1, GRWW; ₹ 2,83,334; 17.01.2018 at 1.00 PM/2.00 PM. (Sl. No. 1 to 3).** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **IGWTP (WS).** Tender invited & to be received by : **Ex. Engr./IGWTP (WS).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Repairing, prevent leakage and seepage of the raw water inlet central column of inside surface of the clarifier no.1 at 60MGD plant, IGWTP; ₹ 1,80,906; (2) Anticorrosive treatment of metallic structure and changing of damage fencing of clarifocculator bridge no. 6 of 60MGD plant, IGWTP; ₹ 1,27,699; (3) Cleaning and washing of filter media as accumulated beside the sand washing machine no. M-19, 20, 8 under SSFB at IGWTP; ₹ 4,43,519; 18.01.2018 at 12.00 Noon/12.30 PM. (For Sl. No. 1 to 3).** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Engineering, BR-VI.** Tender invited & to be received by : **Ex. Engr., BR-VI.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Restoration of paver block footpath and road surface (disturbed by CESC) at B.B. Ganguly Street, Metcalf Street, Weston Street etc. in ward no. 46; ₹ 2,72,306; (2) Repairing and renovation of labour quarter at 149, AJC Bose Road inside Central Store in ward no. 55; ₹ 1,49,560; 10.01.2018 at 12.00 Noon/12.30 PM. (For Sl. No. 1 & 2).** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

(1145/17-18)